অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/3/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

করোনাভাইরাস নিয়ে ব্রিফিং-এ, করোনাভাইরাসের প্রতিক্রিয়ায় 40 মিলিয়ন মার্কিন ডলারের জরুরী ব্যবস্থাপনা অনুমোদন স্বাক্ষর করেছেন গভর্নর কুউমো

তিনি ঘোষণা করেছেন যে তিনি তাঁর পেইড সিক লিভ বাজেট প্রস্তাবটি সংশোধন করবেন বিশেষত যারা কাজ বন্ধ রেখে বাড়িতে থাকেন তাদের সুরক্ষার জন্য কারণ তাদের কে নভেল করোনভাইরাসের ফলে আলাদা বা একাকী বিচ্ছিন্ন করে রাখা হয়েছে

স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্কের ইন্সটিটিউশন সমূহ করোনাভাইরাসের উচ্চ প্রাদুর্ভাব সম্পন্ন দেশসমূহ থেকে সেই সকল শিক্ষার্থীদের ফিরিয়ে আনবে যারা বিদেশে শিক্ষালাভ কর্মসূচীতেঅন্তর্ভুক্ত - রাষ্ট্রীয় সরকার কর্তৃক সম্ভাব্য সম্প্রসারিত ভ্রমণ নিষেধাজ্ঞা সামনে রেখে বিদেশে সকল শিক্ষালাভ কর্মসূচীর পর্যালোচনা করবে

নিউ ইয়র্কে নভেল করোনাভাইরাসের দ্বিতীয় ঘটনা নিশ্চিত করা গেছে - যিনি একজন 50-বছর-বয়সী ওয়েস্টচেস্টারের বাসিন্দা

কুওমো: "যদিও নিউ ইয়র্কের সামগ্রিক ঝুঁকির মাত্রা কম রয়েছে, এই পদক্ষেপগুলি আমাদের ডাক্তার, হাসপাতাল এবং প্রাথমিক প্রতিক্রিয়াকারীদের সমস্ত নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য এবং সুরক্ষা নিশ্চিত করার জন্য, এবং যে কোনও সম্ভাব্য ঘটনার জন্য প্রস্তুত করতে প্রয়োজনীয় সরঞ্জাম সরবরাহ করবে।"

নভেল করোনভাইরাস সম্পর্কিত এক ব্রিফিং-এ, নিউ ইয়র্ক রাজ্যের করোনাভাইরাসের প্রতিক্রিয়ায় আজ 40 মিলিয়ন মার্কিন ডলারের জরুরী ব্যবস্থাপনা অনুমোদন আইনে স্বাক্ষর করেছেন গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো। এই বরাদ্দকরণের ফলে রাজ্য উদ্ভূত অবস্থার প্রতিক্রিয়া জানাতে অতিরিক্ত কর্মী গ্রহণ এবং সরঞ্জামাদি ও অন্যান্য যে কোনও প্রয়োজনীয় সংস্থান গ্রহণ করবে।

এছাড়াও গভর্নর ঘোষণা করেছেন যে তিনি তাঁর পেইড সিক লিভ বাজেট প্রস্তাবটি সংশোধন করবেন বিশেষত যারা কাজ বন্ধ রেখে বাড়িতে থাকেন তাদের সুরক্ষার জন্য কারণ তাদের কে নভেল করোনভাইরাসের ফলে আলাদা বা একাকী বিচ্ছিন্ন করে রাখা হয়েছে।

গভর্নর আরও ঘোষণা করেছেন SUNY ইন্সটিটিউশন সমূহ করোনাভাইরাসের উচ্চ প্রাদুর্ভাব সম্পন্ন দেশসমূহ থেকে সেই সকল শিক্ষার্থীদের ফিরিয়ে আনবে যারা বিদেশে শিক্ষালাভ কর্মসূচীতে আছে এবং কেন্দ্রীয় সরকার কর্তৃক সম্ভাব্য সম্প্রসারিত ভ্রমণ নিষেধাজ্ঞা সামনে রেখে বিদেশে সকল শিক্ষালাভ কর্মসূচীর পর্যালোচনা করবে। কিছু সময় পরে আজই SUNY নির্দেশিকা প্রকাশ করবে বলে আশা করা যাচ্ছে।

"যেহেতু নভেল করোনাভাইরাস সম্পর্কিত পরিস্থিতি অব্যাহত রয়েছে, আমি নিউ ইয়র্ক রাজ্যের বাসিন্দাদের জানাতে চাই যে তাদের সরকার এটি প্রতিরোধ ও প্রভাববিস্তার রোধ করা জন্য যথাসাধ্য চেষ্টা করছে," **গভর্নর কুওমো বলেন।** "গত সপ্তাহে আমি নিউ ইয়র্ক রাজ্যে সর্বাধিক কার্যকরভাবে সাড়া দেওয়ার জন্য প্রয়োজনীয় সংস্থান রয়েছে তা নিশ্চিত করতে একটি 40 মিলিয়ন মার্কিন ডলারের জরুরী ব্যবস্থাপনা অনুমোদনের প্রস্তাব দিয়েছিলাম। গতরাতে, আইনসভা এই পদক্ষেপটি পাস করার পক্ষে ভোট দিয়েছিল, এবং আমি দ্রুত পদক্ষেপ গ্রহণের জন্য তাদের প্রশংসা করি যা এই পরিস্থিতির জটিলতার প্রতি তাদের উপলব্ধি এবং প্রতিক্রিয়াশীল পদক্ষেপের প্রতি তাদের প্রতিশ্রুতি প্রদর্শন করে। যদিও নিউ ইয়র্কের সামগ্রিক ঝুঁকির মাত্রা কম রয়েছে, এই পদক্ষেপগুলি আমাদের ডাক্তার, হাসপাতাল এবং প্রাথমিক প্রতিক্রিয়াকারীদের সমস্ত নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য এবং সুরক্ষা নিশ্চিত করার জন্য, এবং যে কোনও সম্ভাব্য ঘটনার জন্য প্রস্তুত করতে প্রয়োজনীয় সরঞ্জাম সরবরাহ করবে।"

আজ সকালে, গভর্নর কুউমো আরও জানিয়েছেন যে নিউ ইয়র্কে নভেল করোনাভাইরাসের দ্বিতীয় ঘটনা নিশ্চিত হওয়া গেছে - ওয়েস্টচেস্টারের একজন 50-বছর বয়সী ব্যক্তি যিনি হাসপাতালে ভর্তি আছেন এবং তার অবস্থা গুরুতর।

গতকাল, গভর্নর কুউমো ঘোষণা দিয়েছেন যে বিশ্বখ্যাত ওয়েডসওর্থ সেন্টার (Wadsworth Center) — যা রাজ্য স্বাস্থ্য অধিদপ্তরে (Department of Health, DOH) অবস্থিত নিবিড়-গবেষণার জনস্বাস্থ্য গবেষণাগার — নভেল করোনভাইরাসের জন্য রাজ্যজুড়ে প্রতিদিন পরীক্ষার পরিমাণ 1000-এ উন্নীতকরণের জন্য হাসপাতালগুলির সাথে অংশীদারিত্ব করছে। ওয়াডসওয়ার্থ সেন্টার এই হাসপাতালগুলোকে কিভাবে স্টেটের পরীক্ষার প্রতিলিপি করা যায় তার নির্দেশনা প্রদান করবে, সেই সাথে তারা এই পরীক্ষাটিকে বিকশিত ও যাচাই করার জন্য প্রয়োজনীয় কিছু সরঞ্জাম ক্রয় করতে সাহায্য করবে।

রাজ্যপাল আরো ঘোষণা করেন, এই ভাইরাসের কোনও সম্ভাব্য প্রসার রুখতে সাহায্য করতে স্কুলে এবং গণ পরিবহণ ব্যবস্থায় নতুন করে পরিষ্কারের প্রোটোকল বলবত করবে রাজ্য।

এই ঘোষণাগুলি ওয়েডসওর্থ সেন্টারের ক্ষেত্রে নভেল করোনাভাইরাসের পরীক্ষার জন্য সপ্তাহান্তের শেষের দিকে খাদ্য ও ওষুধ প্রশাসনের অনুমোদনকে (Food and Drug Administration, FDA) অনুসরণ করে — যা FDA কর্তৃক অনুমোদিত প্রথম সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল এ্যান্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention, CDC)-বহির্ভূত পরীক্ষা। নিউ ইয়র্কের নভেল

করোনাভাইরাসের প্রথম নিশ্চিত ঘটনা, ত্রিশের কোঠায় বয়স এক মহিলা, রাজ্যের ওয়াডসওয়ার্থ টেস্টিং ল্যাবের মাধ্যমে করা হয়।

শনিবার, নিউ ইয়র্ক স্টেট বিজ্ঞপ্তি পেয়েছে যে FDA ওয়াডসওয়ার্থ ল্যাবের জরুরী ব্যবহারের আবেদন অনুমোদন করেছে — EUA — নভেল করোনাভাইরাসের জন্য পরীক্ষা করানোর জন্য সেই পরীক্ষাটি ব্যবহার করে যা রাজ্য তৈরি করেছে এবং ওয়াডসওয়ার্থ সেন্টারে তার বৈধতা প্রতিপন্ন করেছে। এই পরীক্ষাটি স্টেটকে CDC-তে পাঠানোর চেয়ে দ্রুততর পরীক্ষা সম্পাদন করতে দেবে এবং তৎপরতার সাথে প্রতিক্রিয়া প্রদর্শন করতে দেবে যখন এবং যদি নিউ ইয়র্কবাসীদের জনস্বাস্থ্য সুরক্ষায় উন্নততর করার জন্য ইতিবাচক অবকাশ উপলব্ধ হয়। ল্যাবের নমুনা প্রাপ্তির উপর নির্ভর করে, ওয়াডসওয়ার্থ সেন্টার তিন থেকে পাঁচ ঘন্টার মধ্যে টেস্টিং সম্পূর্ণ করতে পারে।

শনিবার সন্ধ্যায় ওয়াডসওয়ার্থ সেন্টারে পরীক্ষা করা শুরু হয়। ওয়াডসওয়ার্থ-এর বর্তমান টেস্টিং ক্যাপাসিটি প্রতিদিন 200টি, এবং রাজ্য স্বাস্থ্য দপ্তর ল্যাবের কাজের সময় সম্প্রসারিত করে এবং অতিরিক্ত কর্মী নিয়োগ করার মাধ্যমে এই ক্ষমতা বাড়ানোর জন্য কাজ করবে।

এই অনুমোদন এক গুরুত্বপূর্ণ সময়ে পাওয়া গেছে যখন CDC এবং DOH তাদের পরীক্ষা করার অনুমাপক প্রসারিত করেছে অন্যান্য দেশে যাত্রাকেও অন্তর্ভুক্ত করতে - বিশেষভাবে ইতালি, দক্ষিণ কোরিয়া এবং ইরান - এবং অন্যদেরও অন্তর্ভুক্ত করতে যাদের যাত্রার ইতিহাস নেই কিন্তু যেখানে ব্যক্তিবর্গকে শ্বসন সংক্রান্ত উপসর্গ সহ হাসপাতালে ভর্তি করা হয় অন্য কোন ব্যাখ্যা ছাড়াই।

বর্তমানে নভেল করোনাভাইরাসের জন্য কোন টিকা না থাকলেও, প্রাত্যিহিক রক্ষণাত্মক পদক্ষেপগুলি এটি এবং অন্যান্য শ্বসন সংক্রান্ত ভাইরাস ছড়িয়ে পড়া বন্ধ করতে পারে:

- অন্তত 20 সেকেন্ডের জন্য সাবান এবং জল দিয়ে প্রায়ই হাত ধোবেন। যদি সাবান এবং জল না পাওয়া যায়, তাহলে অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন।
- আপনার চোখ, নাক, মুখ না-ধোয়া হাত দিয়ে ছোঁবেন না।
- অসুস্থ ব্যক্তিদের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ এড়িয়ে চলুন।
- অসুস্থ হলে বাড়িতে থাকুন।
- আপনার কাশি বা হাঁচি টিস্যু দিয়ে ঢাকুন, তারপর টিস্যুটি আবর্জনায় ফেলে দিন।
- প্রায়শই স্পর্শ করা হয় এমন বস্তু এবং পৃষ্ঠতল পরিষ্কার এবং জীবাণুমুক্ত রাখুন।
- যে সকল ব্যক্তি উপসর্গ অনুভব করছেন এবং হয়তো উদ্বেগের এলাকায় ভ্রমণ করেছেন, অথবা কারো সংস্পর্শে এসেছেন যিনি এই এলাকায় ভ্রমণ করেছেন, তাদের উচিৎ তাদের স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীকে আগে কল করা তাদের কাছে চিকিৎসার জন্য উপস্থিত হওয়ার আগে।

নিউ ইয়র্কবাসীরা 1-888-364-3065-এ রাজ্য হটলাইনে কল করতে পারেন, যেখানে বিশেষজ্ঞরা নভেল করোনাভাইরাস সংক্রান্ত প্রশ্নের উত্তর দিতে পারেন। এছাড়াও, ডিপার্টমেন্টের একটি উৎসর্গীকৃত ওয়েবসাইট রয়েছে যেটি নিউ ইয়র্কবাসী দের জন্য আপডেট তথ্য থাকা একটি সংস্থান হিসাবে তৈরি

করা হয়েছিল। বিভাগটি করোনাভাইরাস বিষয়ক দুটি জনসেবা ঘোষণা করেছে, একটিতে রয়েছে স্টেটের স্বাস্থ্য কমিশনার ডাঃ হাওয়ার্ড জুকার এবং আরেকটিতে রয়েছে সাধারণ তথ্য, যা একাধিক ভাষায় স্টেট জুড়ে চলছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন